

জনশুমারি সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা  
(সাধারণ শাখা)

স্মারক নং: ০৫.৪৪.০০০০.০০১.৩৩.০০১.২২- ৮৮

তারিখ: ৩১ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ  
১৪ মে, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: “জনশুমারি ও গৃহগণনা -২০২২” সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।


বাংলাদেশের ৬ষ্ঠ “জনশুমারি ও গৃহগণনা -২০২২” আগামী ১৫-২১ জুন ২০২২ তারিখ সারা দেশব্যাপি অনুষ্ঠিত হবে। দেশে প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে ট্যাবলেট (CAPI) ব্যবহার পূর্বক সকল ব্যক্তি, খানা ও গৃহের তথ্য সংগ্রহ করা হবে। জনশুমারি ও গৃহগণনায় সংগৃহীত তথ্যের ভিত্তিতে দেশের আর্থসামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রস্তুত এবং তার ভিত্তিতে দেশের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন হবে।

উল্লেখযোগ্য ক্ষেত্রসমূহ:

- ১) উপজেলা পর্যায়ে বিদ্যমান অনেক পরিসংখ্যান অফিসের অবস্থা নাজুক ও ভাঙাচোরা হওয়ায় শুমারি কার্যে ব্যবহৃত ট্যাব সমূহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- ২) জনশুমারির কাজে পূর্ণকালীন কাজ করার সুযোগ প্রদানে বিবিএস বহির্ভূত জোনাল অফিসারগণকে শুমারিকালীন সময়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।
- ৩) সংরক্ষিত এলাকা সমূহের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।
- ৪) জনশুমারির প্রচারণায় ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে বিভাগের সকল মসজিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৫) শুমারি সফল করার জন্য সকল পর্যায়ে গঠিত শুমারি / জরিপ স্থায়ী কমিটি ( জেলা শুমারি কমিটি, সিটি কর্পোরেশন শুমারি কমিটি, উপজেলা শুমারি কমিটি, পৌরসভা শুমারি কমিটি, ওয়ার্ড শুমারি কমিটি ও ইউনিয়ন শুমারি কমিটি) কে জনশুমারি চলাকালে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। শুমারি শেষে ইউনিয়ন ও ওয়ার্ড কমিটির সভাপতি থেকে শুমারি কার্য সফলভাবে সম্পন্ন হয়েছে নিশ্চিতপূর্বক একটি প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

উল্লিখিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকল সংস্থা/ দপ্তরের সাথে সমন্বয়পূর্বক জেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক  
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ  
মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

  
মো: আব্দুল হাই সিদ্দিকী  
সহকারী কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
খুলনা।  
০১৯১১-০২৯৩৫৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ৪। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (খুলনা বিভাগের সকল).....।
- ৬। সভাপতি (সকল) ..... ওয়ার্ড/ইউনিয়ন স্থায়ী শুমারি কমিটি।
- ৭। অফিস কপি।